

বিমানবন্দরে ব্যাগ হারিয়ে ভেঙে পড়েছেন উর্বশী -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২০৩ ঃ মেহেরপুর- শনিবার ২ আগষ্ট ২০২৫ ইং ঃ ১৮ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ৭ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা




## ফিরে দেখা ২ আগস্ট: রংপুরে আন্দোলনে শিক্ষক-অভিভাবকদের সংহতি

নিজস্ব প্রতিবেদক

চব্বিশের ২ আগস্ট রংপুরসহ সারাদেশে কোটা সংস্কার ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন এক নতুন মোড়ে পৌঁছে। শিক্ষার্থীদের আন্দোলনে একাত্মতা জানান শিক্ষক ও অভিভাবকরা।

এতে চাপে পড়ে সরকার। আইনশৃঙ্খলা বাহিনীর মনোবল ভেঙে পড়ে। জনতার ঢলে পিছু হটে গণগ্রেফতার অভিযান। আদালত থেকে একে একে জামিনে মুক্তি পান আটক শিক্ষার্থীরা।

গত বছরের ১ আগস্ট আলফি শাহরিয়ার মাহিম (১৬) জামিনে মুক্তি পায়। সে রংপুর পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজের একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্র। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শহীদ শিক্ষার্থী আবু সাঈদের হত্যা মামলায়

২-এর পৃষ্ঠা দেখুন





# যুদ্ধবিমান দুর্ঘটনায় নিহত মাহিয়া ও রজনীর কবরে বিমানবাহিনী'র শ্রদ্ধা

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের সামনে বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ যুদ্ধবিমান দুর্ঘটনায় নিহত অষ্টম শ্রেণির শিক্ষার্থী মাহিয়া তাসনিম ও অভিভাবক রজনী খাতুনের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছে বাংলাদেশ বিমানবাহিনীর দুটি প্রতিনিধি দল। শুক্রবার (১ আগস্ট) বিকালে ও জুমার নামাজের পর পৃথক সময়ে এ শ্রদ্ধা নিবেদন করা হয়।

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামে মাহিয়া তাসনিমের কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জানান বিমানবাহিনীর সদস্যরা। বিমান বাহিনী প্রধানের পক্ষ থেকে উইং কমান্ডার রেহানা ও স্কোয়াড্রন লিডার ইকতিয়ার হোসেনের নেতৃত্বে প্রতিনিধি দলটি তাসনিমের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করে সমবেদনা প্রকাশ করেন এবং সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। মাহিয়ার নানা নজরুল ইসলাম বলেন, "বিমান বাহিনীর একটি দল আমাদের বাড়িতে এসেছে। তাঁরা কবর জিয়ারত করে আমাদের সান্ত্বনা দিয়েছে ও ভবিষ্যতে সহযোগিতার আশ্বাস দিয়েছে।"

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পলাশ মন্ডল জানান, বিমান বাহিনী প্রধানের প্রতিনিধি দলটি পরিবারকে সান্ত্বনা জানানোর পাশাপাশি প্রশাসনের পক্ষ থেকেও প্রয়োজনীয় সহায়তা অব্যাহত থাকবে। অন্যদিকে, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার হোগলবাড়িয়া ইউনিয়নের সাদিপুর গ্রামে নিহত রজনী খাতুনের কবরে শ্রদ্ধা জানায় যশোর বিমান ঘাঁটির একটি প্রতিনিধি দল। জুমার নামাজ শেষে উইং কমান্ডার কামরুল হাসান বারীর নেতৃত্বে দলটি রজনীর কবর জিয়ারত করেন এবং পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় তাঁর আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

# মুজিবনগর সীমান্তে ১৭ বাংলাদেশিকে বিজিবির কাছে বিএসএফ'র হস্তান্তর

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর সীমান্ত দিয়ে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ ১৭ জন বাংলাদেশীকে বিজিবির কাছে হস্তান্তর করেছে। আজ শুক্রবার দুপুরে বিজিবি ও বিএসএফের মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের পর ওই ১৭ বাংলাদেশীকে হস্তান্তর করা হয়। ওই দিন বিকেল পৌনে ৩ টার সময় চুয়াডাঙ্গায়-৬ ব্যাটালিয়নের সহকারী পরিচালক মো. হায়দার আলী প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে গণমাধ্যম কর্মীদেরকে বিষয়টি নিশ্চিত করেছেন। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। জানা গেছে, চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এবং ১৬১ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে সীমান্ত মেইন পিলার ১০৫ এর নিকট শূন্য লাইনে বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে একটি আনুষ্ঠানিক পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। পতাকা বৈঠকে বিজিবি'র পক্ষে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর মুজিবনগর কোম্পানী কমান্ডার নাঃ সুবেদার শ্রী তাপস কুমার এবং ১৬১ বিএসএফ ব্যাটালিয়নের হৃদয়পুর বিএসএফ

২-এর পৃষ্ঠা দেখুন



## শাহবাগে ৩২ ঘণ্টা পর অবরোধকারীদের ছত্রভঙ্গ করল পুলিশ

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর গুরুত্বপূর্ণ মোড় শাহবাগে টানা ৩২ ঘণ্টা অবরোধ শেষে শুক্রবার (১ আগস্ট) সন্ধ্যায় আন্দোলনরত 'জুলাই যোদ্ধাদের' ছত্রভঙ্গ করে দিয়েছে পুলিশ। বেশ কিছু সময় ধরে শাহবাগ মোড়ে চলা এই অবস্থান কর্মসূচির ফলে রাজধানীর যান চলাচলে মারাত্মক বিপর্যয় দেখা দেয়। পুলিশ জানিয়েছে, 'জনদুর্ভোগ ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা' দেখা দেওয়ায় তারা অবরোধকারীদের সেখান থেকে সরে যেতে নির্দেশ দেয়। নির্দেশ অমান্য করায় পরে পুলিশ তাদের

২-এর পৃষ্ঠা দেখুন



# গাংনী পৌর বিএনপির সম্মেলন ৮ আগস্ট সভাপতি ও সম্পাদক পদে লড়ছেন ৫ প্রার্থী

নিজস্ব প্রতিবেদক

দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে অবশেষে আগামী ৮ আগস্ট অনুষ্ঠিত হতে যাচ্ছে মেহেরপুরের গাংনী পৌর বিএনপির ত্রি-বার্ষিক সম্মেলন। এ উপলক্ষে তিনটি গুরুত্বপূর্ণ পদ সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক পদে প্রার্থীদের বৈধ তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। একইসঙ্গে সম্মেলনের যাবতীয় প্রস্তুতিও এখন চূড়ান্ত পর্যায়ে। সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন তিনজন। তাঁরা হলেন, গাংনী পৌরসভার ৫নং ওয়ার্ডের সদ্য সাবেক কাউন্সিলর আতিয়ার রহমান, সদ্য বিদায়ী সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, পশ্চিম মালসাদহ গ্রামের প্রবীণ নেতা, উপজেলা ও জেলা পর্যায়ে দায়িত্ব পালনকারী মনিরুজ্জামান গাড্ডু। সাধারণ সম্পাদক পদের জন্য প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন দুই সাবেক কাউন্সিলর

৭নং ওয়ার্ডের আব্দুল্লাহিল মারুফ পলাশ ও ৮নং ওয়ার্ডের সাহিদুল ইসলাম। এছাড়া সাংগঠনিক সম্পাদক পদে বৈধ প্রার্থী হিসেবে চূড়ান্ত তালিকায় নাম উঠেছে চারজনের। ইনারা হলেন ইমন হোসেন, এনামুল হক, সুমন (এ্যাডাম) ও সোহেল মাহমুদ। গাংনী পৌরসভার আওতাধীন ৯টি ওয়ার্ডে বিএনপির সাংগঠনিক ইউনিট রয়েছে। প্রতিটি ইউনিটের কমিটি থেকে নির্বাচিত কাউন্সিলররাই সম্মেলনে ভোটার হিসেবে অংশ নেবেন। প্রত্যক্ষ ভোটের মাধ্যমেই নির্বাচন সম্পন্ন হবে। দলীয় সূত্রে জানা গেছে, এবার সম্মেলনে মোট ভোটারের সংখ্যা প্রায় ১১০ জন। ভোট গ্রহণ ও ফলাফল ঘোষণা হবে একই দিনে। নির্বাচন অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য করতে প্রতিটি পদক্ষেপ গ্রহণ করেছে নির্বাচন কমিশন। বিএনপির সম্মেলনটি অনুষ্ঠিত হবে গাংনী বাজারস্থ একটি কমিউনিটি সেন্টারে। শুরু হবে সকাল ১০টায়, চলবে ফলাফল ঘোষণা পর্যন্ত। নিরাপত্তা ও সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিত করতে আইনশৃঙ্খলা বাহিনীর সহায়তা নেওয়া হচ্ছে বলে জানা গেছে। সম্মেলনকে ঘিরে গাংনী পৌর বিএনপির সর্বস্তরের নেতাকর্মীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে। দীর্ঘদিন পর অনুষ্ঠিত হতে যাওয়া এই সম্মেলন দলীয় কর্মকাণ্ডে নতুন গতি আনবে বলে মনে করছেন তৃণমূল নেতারা। প্রার্থীরা ইতোমধ্যে নিজ নিজ অবস্থান থেকে গণসংযোগ, দ্বারে দ্বারে প্রচারণা এবং কাউন্সিলরদের সঙ্গে মতবিনিময় শুরু করেছেন। প্রার্থিতা ঘিরে ওয়ার্ড পর্যায়ে কিছুটা বিভক্তি থাকলেও তা সৌহার্দ্যপূর্ণ প্রতিযোগিতার মধ্যেই সীমাবদ্ধ আছে। গাংনী পৌর বিএনপির একাধিক প্রবীণ নেতা জানান, এ সম্মেলনের মাধ্যমে এমন একটি নেতৃত্ব উঠে আসবেড়্যারা আগামীর রাজপথে দলকে সংগঠিতভাবে পরিচালনা করতে সক্ষম হবেন। এক নেতা বলেন, "গঠনমূলক রাজনীতির স্বার্থে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। নেতাকর্মীরা চায় স্বচ্ছ ভোটের মাধ্যমে প্রকৃত নেতারা উঠে আসুক।"

## বসুন্ধরা আবাসিকে 'ষড়যন্ত্রমূলক' বৈঠক

তদন্তে পুলিশের গুরুত্ব আরোপ

নিজস্ব প্রতিবেদক

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় গত ৮ জুলাই অনুষ্ঠিত একটি 'ষড়যন্ত্রমূলক' বৈঠকের পেছনের সত্য উদঘাটনে পুলিশ গম্ভীর তদন্ত শুরু করেছে। বৈঠকটি কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হয়, যেখানে নিষিদ্ধ ছাত্রলীগ, আওয়ামী লীগ ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তাসহ তিন থেকে চারশ' জন অংশগ্রহণ করেন। বৈঠকে সরকারবিরোধী স্লোগান উচ্চারণ এবং অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করার পরিকল্পনার অভিযোগে ইতোমধ্যে ২২ জনকে গ্রেপ্তার

২-এর পৃষ্ঠা দেখুন



মেহেরপুরে জুলাই গণ অভ্যুত্থান স্মারক বিতর্ক উৎসব

## তারুণ্যের যুক্তি ও ইতিহাসচেতনার মিলনমেলা

মেহেরপুর প্রতিনিধি

'যুক্তি দিয়ে জাগো' স্লোগানে মেহেরপুরে অনুষ্ঠিত হয়েছে জুলাই গণ অভ্যুত্থান স্মারক বিতর্ক উৎসব। শুক্রবার (১ আগস্ট) সকাল সাড়ে দশটায় মেহেরপুর ডিবেটিং ফোরামের আয়োজনে মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক-শিক্ষার্থী সম্মেলন কক্ষে এই বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেটিং ফোরামের আহ্বায়ক রিদওয়ানুল হক মুজাহিদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

২-এর পৃষ্ঠা দেখুন

## ফ্যাসিস্টের দোসররা প্রশাসনে গোপনে ঘাপটি মেরে আছে জামায়াত সেক্রেটারি

নিজস্ব প্রতিবেদক

জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, আওয়ামী লীগের ফ্যাসিস্ট দোসররা প্রশাসনের বিভিন্ন স্তরে গোপনে অবস্থান নিয়ে দেশের সামগ্রিক পরিস্থিতিতে বিশৃঙ্খলা সৃষ্টি করার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, এটি দেশের গণতন্ত্রের জন্য হুমকি স্বরূপ এবং এর বিরুদ্ধে সবাইকে একজোট হতে হবে। জাতীয় প্রেসক্লাবে এক আলোচনা অনুষ্ঠানে তিনি আরও বলেন, দেশের রাজনৈতিক দলের মধ্যে প্রয়োজনীয় সংস্কার আনা ও ভিন্নমতের প্রতি শ্রদ্ধাবোধ গড়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## মার্কিন শুল্ক হ্রাস 'সন্তোষজনক', বললেন আমীর খসরু

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশি পণ্যের ওপর যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্কহার ৩৫ থেকে কমিয়ে ২০ শতাংশ নির্ধারণ করাকে 'সন্তোষজনক অবস্থা' হিসেবে আখ্যায়িত করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। শুক্রবার (১ আগস্ট) দুপুরে গুলশানে নিজ বাসায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, "এটা জয়-পরাজয়ের বিষয় নয়। শুল্ক হার নির্ধারণের দিক থেকে তুলনামূলকভাবে আমরা এখন একটি সন্তোষজনক অবস্থানে আছি। পাকিস্তানে ১৯ শতাংশ, ভিয়েতনাম ও বাংলাদেশে ২০ শতাংশ এবং ভারতে ২৫ শতাংশ

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে জমি, ভয় আর ফাঁকি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার নওদা মটমুড়া গ্রামে দীর্ঘ ৩০ বছর ধরে বৈধভাবে বসবাসরত দুইটি পরিবারের বসতভিটা নিয়ে দখলের অপচেষ্টা চলছে বলে অভিযোগ উঠেছে। একই গ্রামের আমিরুল ইসলাম ও তাঁর ঘনিষ্ঠরা নানা কৌশলে এ জমি দখলের চেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে অভিযোগ ভুক্তভোগী পরিবারের। জানা গেছে, মৃত সুন্নত আলী ১৯৯২ সালে রেজিস্ট্রি দলিলের (নং ৭২৫৬) মাধ্যমে আরএস ৫৫১ খতিয়ানের ১৮ নম্বর দাগ থেকে ০.৩৩ একর জমি তাঁর স্ত্রী আমেনা খাতুন ও পুত্রবধূ জরিনা খাতুনের নামে হস্তান্তর করেন। পরবর্তীতে এই জমির ০.২৬ একর অংশ মোমেনা খাতুন এবং মুসাব,

২-এর পৃষ্ঠা দেখুন



## মাসুদের পরিবারকে ২.২০ লাখ দিল জামায়াত

চুয়াডাঙ্গা প্রতিনিধি

জুলাই বিপ্লবে নিহত মাসুদ রানা মুকুলের পরিবারের পাশে দাঁড়িয়েছে চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামী। নিহতর পরিবারের আর্থিক সহায়তা হিসেবে সংগঠনটি তাদের ২ লাখ ২০ হাজার টাকা অনুদান দিয়েছে।

শুক্রবার (১ আগস্ট) বিকেলে চুয়াডাঙ্গার দর্শনায় নিহত মাসুদের স্ত্রী ও একমাত্র কন্যা আরবীর হাতে এই অনুদান তুলে দেন জেলা জামায়াতের আমীর এবং চুয়াডাঙ্গা-২ আসনে জামায়াত মনোনীত

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর (চাঁদাবাজির সময় কি মেহেরপুর প্রতিদিন রউফ এর সাথে ছিল)

বলেছিলাম আগে আমি
কাদা ছোড়াছুড়ি করিস না
ফ্যাসিস্ট সরকারের পদে থেকে এখনো গ্রেপ্তার কেন হচ্ছে না।
জাসদ হচ্ছে আর এক দোসর
চলছে কিভাবে তারা
থানায় জেলায় ছিটিয়ে থেকে
অশান্ত করছে যারা।
চাঁদাবাজির ধরনটা কি
এমনি এমনি দিল
হচ্ছে মনে দেখেশুনে
র?উফ এর সাথে কেউ ছিল।
আরেকজনের কথা নাইবা কলাম
বলার দরকার নাই
পত্রিকার মান সুনাম রেখে
নিজের নিজের চরকাতে তেল মাখায়।




## লুঙ্গিতে ফেনসিডিল, স্বামী-স্ত্রীর ঘর থেকে মিলল ১৪০ বোতল, আটক ৩

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামে গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর শুক্রবার (১ আগস্ট) দুপুরে অভিযান চালিয়ে ১৪০ বোতল ফেনসিডিলসহ স্বামী-স্ত্রী ও আরও এক

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে যুবদলের মিছিল দেয়ালজুড়ে পোস্টার


মুজিবনগর প্রতিনিধি

জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরের মুজিবনগরে মিছিল ও পোস্টারিং কর্মসূচি পালন করেছে উপজেলা যুবদল। শুক্রবার বিকেলে উপজেলা সদরে এ কর্মসূচি

২-এর পৃষ্ঠা দেখুন

# যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পণ্যের ওপর শুল্ক কমিয়ে ২০ শতাংশ

নিজস্ব প্রতিবেদক




যুক্তরাষ্ট্র বাংলাদেশি পণ্যের ওপর শুল্ক কমিয়ে ২০ শতাংশ নির্ধারণ করেছে। গত জুলাইয়ের প্রথম সপ্তাহে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘোষণায় এই হার ৩৫ শতাংশে উন্নীত করা হলেও দ্বিপাক্ষিক আলোচনা এবং বোয়িং কেনাসহ একাধিক কৌশলগত পদক্ষেপের ফলে শুল্ক হার ১৫ শতাংশ কমিয়ে ২০ শতাংশে নামিয়ে আনা হয়েছে। বৃহস্পতিবার হোয়াইট হাউসের এক ঘোষণায় এ তথ্য জানানো হয়। এর আগে ২ এপ্রিল যুক্তরাষ্ট্র হঠাৎ করেই বাংলাদেশি পণ্যের ওপর ৩৭ শতাংশ শুল্ক আরোপ করে। তাতে তৈরি পোশাক খাতসহ দেশের রপ্তানি বাজারে বড় ধাক্কা লাগে। তখন থেকেই শুল্ক হ্রাসে যুক্তরাষ্ট্রের সঙ্গে দফায় দফায় আলোচনা করে বাংলাদেশ।

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
ঢাকা ॥ শনিবার ॥ ১৮ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ২ আগষ্ট ২০২৫ইং

# চুয়াডাঙ্গায় মাছ ধরার বিত্তি তৈরিতে ব্যস্ত শৈলমারী গ্রামবাসী



চুয়াডাঙ্গা প্রতিনিধি

বর্ষার প্রবল বৃষ্টিতে চুয়াডাঙ্গার বিল, বাওড়, ডোবা-পুকুরে ফিরেছে প্রাণ। জলমগ্ন খাল-বিলে আবারও দেশীয় মাছের আনাগোনা শুরু হয়েছে। ফলে বাড়ছে মাছ ধরার উৎসাহ, আর সেইসঙ্গে বেড়েছে চাহিদা মাছ ধরার প্রাচীন উপকরণ 'বিত্তি'র। এই চাহিদা মেটাতে ব্যস্ত সময় পার করছেন সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের শৈলমারী গ্রামের শতাধিক পরিবার। এই গ্রামে বর্ষা মানেই বিত্তি তৈরির ধুম। বিশেষ করে তাল গাছের ডগা, বাঁশ ও নাইলনের সুতায় তৈরি এই বিত্তি দিয়ে ধরা হয় পুঁটি, টাকি, চিংড়ি, ঝাঁয়া, বাইনসহ নানা দেশীয় ছোট মাছ। শৈলমারী গ্রামে সরেজমিনে গিয়ে দেখা যায়, নারী-পুরুষ নির্বিশেষে প্রায় প্রতিটি বাড়িতে কেউ বাঁশ কাটছেন, কেউ সুতা বুনছেন, কেউবা পুরো বিত্তি জোড়া দিচ্ছেন। কারিগর মর্জিনা খাতুন বলেন, "বিয়ের পর শাশু-ড়ির কাছ থেকে শিখেছি বিত্তি বানানো। বর্ষা মৌসুমে আমরা নারীরাও আয় করি, সংসারে স্বচ্ছলতা আসে।" প্রতি সপ্তাহে গ্রাম থেকে বাজারে যাচ্ছে দেড় থেকে দুই লাখ টাকার বিত্তি। একেকটি বিত্তি বিক্রি হচ্ছে ৩০০ থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## নিয়মিত কাজু বাদাম খাওয়ার যত উপকার

সূর্যোদয় প্রতিবেদন

দানাদার খাবারের মধ্যে কাজু বাদামের জুড়ি নেই। কাজু বাদাম চিবিয়ে ও রান্না করেও খাওয়া যায়। এটি রান্নায় স্বাদ বৃদ্ধি করে। বিশেষ করে ফিরনি, সেমাইয়ে অনন্য স্বাদ যোগ করে। কাজু বাদামে এত পরিমাণে প্রোটিন পাওয়া যায়, যা প্রায় রান্না করা মাংশে পাওয়া প্রোটিনের সমান। এ ছাড়া এতে অনেক বেশি পরিমাণে ফাইবার থাকে এবং শর্করার পরিমাণ কম থাকে। আসুন জেনে নিই কাজু বাদামের কিছু অসাধারণ উপকার সম্পর্কে। ১. অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ: কাজু বাদামকে অ্যান্টিঅক্সিডেন্টের পাওয়ার হাউস হিসেবে বিবেচনা করা হয়। আর অ্যান্টিঅক্সিডেন্ট হৃদরোগ, চোখের বিভিন্ন রোগ ও স্মৃতিশক্তিজনিত যে কোনো সমস্যা প্রতিরোধে সহায়তা করে। এ ছাড়া অ্যান্টিঅক্সিডেন্টের ফলে ত্বকের সৌন্দর্য বজায় থাকে এবং চোখের দৃষ্টিশক্তি বাড়ে। ২. ওজন কমায়: অন্যান্য বাদামে বেশি পরিমাণে ক্যালোরি এবং ফ্যাট থাকে বলে সেগুলো ওজন বৃদ্ধিতে সহায়তা করে। তবে গবেষণায় দেখা গেছে যে, কাজু বাদামে যে পরিমাণ ক্যালোরি থাকে, তার ৮৪ শতাংশই হজম করতে এবং শুষে নিতে পারে মানব দেহ। এ ছাড়া এটি প্রোটিন ও ফাইবার সমৃদ্ধ হওয়ায় ক্ষুধা কমাতে এবং পেটভরা রাখতে সহায়তা করে বলে ওজন কমার সম্ভাবনা থাকে অনেক। ৩. হার্টের জন্য উপকারী: স্ট্রোক ও হৃদরোগের ঝুঁকি কমাতে উপকারী হিসেবে কাজ করে কাজু বাদাম। এ ছাড়া একটি গবেষণায় দেখা গেছে যে, কাজু বাদাম নিয়মিত খেলে রক্তচাপ ও ট্রাইগ্লিসারাইডের মাত্রা কমিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপির আপত্তিসহ পিআর পদ্ধতিতে উচ্চকক্ষ গঠনের সিদ্ধান্ত চূড়ান্ত

নিজস্ব প্রতিবেদক

বিএনপিসহ পাঁচটি দলের আপত্তি সত্ত্বেও সংসদে ১০০ আসনের উচ্চকক্ষ গঠনের সিদ্ধান্ত জানিয়েছে জাতীয় ঐকমত্য কমিশন। প্রস্তাবিত উচ্চকক্ষের আসন বণ্টন হবে সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের ভিত্তিতে (পিআর পদ্ধতিতে)। বৃহস্পতিবার ফরেন সার্ভিস একাডেমিতে অনুষ্ঠিত সংলাপ শেষে এ সিদ্ধান্তের কথা জানান কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। কমিশন জানায়, উচ্চকক্ষের সদস্যরা সরাসরি নির্বাচিত না হলেও, রাজনৈতিক দলগুলোর মনোনয়নে আসবেন। তবে সংবিধান সংশোধনে সংসদের দুই কক্ষের দুই-তৃতীয়াংশ সদস্যের সমর্থন লাগবে। এ সিদ্ধান্তের বিরোধিতা করে বিএনপি বলেছে, সংবিধান সংশোধনের এখতিয়ার কেবল সরাসরি নির্বাচিত নিম্নকক্ষের সদস্যদের হাতেই থাকা উচিত। সংলাপে অংশ নেওয়া ৩০টি দলের মধ্যে ২২টি দল পিআর পদ্ধতিতে উচ্চকক্ষ গঠনে একমত হয়। তবে বিএনপিসহ পাঁচটি দল 'নোট অব ডিসেন্ট' দেয়। তাদের মতে, অনির্বাচিত বা পরোক্ষভাবে নির্বাচিত সদস্যদের দিয়ে সংবিধান সংশোধনের ক্ষমতা দেওয়া গণতান্ত্রিক মূল্যবোধের পরিপন্থী।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, "উচ্চকক্ষ কেবল আইন পর্যালোচনা ও সুপারিশ করবে। সংবিধান সংশোধনের এখতিয়ার তাদের দেওয়া যাবে না।" তিনি আরও বলেন, "এই সিদ্ধান্ত পৃথিবীর কোথাও নজিরবিহীন।" তবে জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের বলেন, "সংবিধান সুরক্ষার জন্যই উচ্চকক্ষে সংবিধান সংশোধনের অংশীদারিত্ব দরকার।" একই মত দেন এনসিপি, গণঅধিকার পরিষদ, এবি পার্টি ও ইসলামী আন্দোলনের প্রতিনিধিরাও। এদিকে, এমপিদের গোপন ভোটে রাষ্ট্রপতি নির্বাচনে ইসলামী আন্দোলন ছাড়া সব দল একমত হয়েছে। রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধিতে দলগুলো সম্মত হলেও, গুরুত্বপূর্ণ নিয়োগের ক্ষেত্রে বিএনপি ও জামায়াত আপত্তি জানিয়েছে। সংবিধানের মৌলিক নীতিতে 'আল্লাহর ওপর আস্থা ও বিশ্বাস' যুক্ত করার প্রস্তাবে বিএনপি, জামায়াতসহ কয়েকটি দল সমর্থন জানিয়েছে। অন্যদিকে, বাহাত্তরের চার মূলনীতি বাদ দেওয়ার প্রতিবাদে সিপিবি, বাসদ, জাসদ ও বাসদ (মার্কসবাদী) সংলাপ বর্জন করেছে।

এছাড়া, কমিশন জানায়, পিএসসি, দুদক, সিএজি ও ন্যায়পাল নিয়োগের বিধান সংবিধানে যুক্ত হবে। বিএনপি এ সিদ্ধান্তের বিরোধিতা করে নিয়োগ আইন শক্ত করার পক্ষে মত দিয়েছে। 'জুলাই জাতীয় সনদ২০২৫' প্রসঙ্গে কমিশন জানায়, সব

৩-এর পৃষ্ঠা দেখুন




## প্রধান উপদেষ্টার দেওয়া ৮ দফা প্রতিশ্রুতির বাস্তবায়ন চায় সংখ্যালঘু অধিকার আন্দোলন

নিজস্ব প্রতিবেদক

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের দেওয়া ৮ দফা প্রতিশ্রুতি বাস্তবায়নের দাবি জানিয়েছে সংখ্যালঘু অধিকার আন্দোলন। শুক্রবার (১ আগস্ট) সকালে রাজধানীর জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে বক্তারা অভিযোগ করেন, গত বছরের ১৩ আগস্ট রাষ্ট্রীয় অতিথি ভবন যমুন-ায় সংখ্যালঘু অধিকার আন্দোলনের শিক্ষার্থী প্রতিনিধিদের সঙ্গে অধ্যাপক ইউনূসসহ তৎকালীন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা মো. নাহিদ ইসলাম এবং যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার বৈঠক হয়। ওই বৈঠকে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা, ক্ষতিপূরণ ও ন্যায্য প্রতিনিধিত্বসহ ৮ দফা দাবি বাস্তবায়নের আশ্বাস দেন প্রধান উপদেষ্টা। এছাড়া সংখ্যালঘু জনগোষ্ঠীর মতামত

৩-এর পৃষ্ঠা দেখুন

## ক্রিকেট খেলতে ভারতে আসছেন মেসি

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্ব ফুটবলের ইতিহাসে অন্যতম সেরা খেলোয়াড় লিওনেল মেসি আসছেন ভারত সফরেড়এবং তিনি অংশ নিতে যাচ্ছেন এক বিশেষ ক্রিকেট ম্যাচে! ভারতীয় সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে, তিন দিনের সফরে (১৩ থেকে ১৫ ডিসেম্বর) ভারত আসছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী এই ফুটবল তারকা। এই সফরের সবচেয়ে চমকপ্রদ অংশ হলো ১৪ ডিসেম্বর মুম্বাইয়ের ঐতিহাসিক ওয়াংখেড়ে স্টেডিয়ামে আয়োজিত ৭-এ সাইড প্রীতি ক্রিকেট ম্যাচ। এই ম্যাচে মেসিকে দেখা যেতে পারে ব্যাট হাতে মাঠে, প্রতিপক্ষ হিসেবে থাকবেন শচীন টেন্ডুলকার, মহেন্দ্র সিং ধোনি, বিরাট কোহলি ও রোহিত শর্মার মতো ভারতীয় ক্রিকেট কিংবদন্তিরা। মুম্বাই ক্রিকেট অ্যাসোসিয়েশনের (এমসিএ) এক শীর্ষ কর্মকর্তা নিশ্চিত

৩-এর পৃষ্ঠা দেখুন




## জিম্বাবুয়েকে উড়িয়ে ফাইনালে বাংলাদেশের যুবারা

সূর্যোদয় প্রতিবেদন

ত্রিদেশীয় সিরিজে টানা দুই জয়ের পর দক্ষিণ আফ্রিকার কাছে হেরেছিল বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল। তবে চতুর্থ ম্যাচেই আবার দারুণ প্রত্যাবর্তন যুবাদের। স্বাগতিক জিম্বাবুয়েকে এক প্রকার উড়িয়ে টুর্নামেন্টে তৃতীয় জয় তুলে নিয়েছে বাংলাদেশ। সেই সঙ্গে নিশ্চিত হয়েছে ফাইনালও। শিরোপা নির্ধারণী ম্যাচে বাংলাদেশের প্রতিপক্ষ দক্ষিণ আফ্রিকা। দুই দলেরই পয়েন্ট সমান ৬। জিম্বাবুয়ের পয়েন্ট শূন্য। এখানো লিগ পর্বের দুটি করে ম্যাচ বাকি তিন দলেরই। শুক্রবার (১ আগস্ট) হারারেতে জিম্বাবুয়েকে ৮ উইকেটে হারায় সফরকারী বাংলাদেশ। টস হেরে আগে ব্যাট করতে নামা জিম্বাবুয়ের ব্যাটাররা বাংলাদেশের বোলারদের সামনে ছিল অসহায়। মাত্র ৮৯ রানে অলআউট দলটি। টিকতে পারে মাত্র ২২.৩ ওভার। জবাবে

৩-এর পৃষ্ঠা দেখুন



## ভারতের অর্থনীতি মৃত বললেন রাহুল গান্ধী

নিজস্ব প্রতিবেদক

ভারতের অর্থনীতি 'মৃত' বলে মন্তব্য করেছেন দেশটির বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধী। তাঁর দাবি, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতকে চেপে ধরেই পাকিস্তানের দিকে ট্রাম্পের ঝোঁক

নিজস্ব প্রতিবেদক

ভারতের ওপর পাল্টা শুল্ক আরোপের ঘণ্টা না বাজতেই পাকিস্তানের সঙ্গে বড় মাপের জ্বালানি সমঝোতার ঘোষণাড় দ্বিতীয় মেয়াদে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যেন কৌশলগতভাবে দক্ষিণ এশিয়ার রাজনৈতিক ভারসাম্য নতুন করে সাজিয়ে তুলছেন। তার প্রশাসনের সাম্প্রতিক নানা পদক্ষেপে স্পষ্ট, ইসলামাবাদের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ানোর সমান্তরালে দিল্লিকে চাপে ফেলতেই যেন চলছে এক নিরব কূটনৈতিক খেলা। বুধবার ট্রাম্প

৩-এর পৃষ্ঠা দেখুন



## মিয়ানমারে অন্তর্বর্তী সরকার গঠন, ডিসেম্বরে নির্বাচন

নিজস্ব প্রতিবেদক

মিয়ানমারে আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে গতকাল বৃহস্পতিবার একটি অন্তর্বর্তী বেসামরিক সরকারের হাতে আনুষ্ঠানিকভাবে ক্ষমতা হস্তান্তর করেছে দেশটির সেনাবাহিনী। তবে

৩-এর পৃষ্ঠা দেখুন

## খাবারের খোঁজে ১২ কিমি হাঁটা শিশুটিকেও রেহাই দিল না ইসরায়েল

নিজস্ব প্রতিবেদক

ক্ষুধার্ত পেটে খাবারের আশায় খালি পায়ে ১২ কিলোমিটার হেঁটে এসেছিল সাত বছরের ছোট্ট এক শিশুড়আমির। গন্তব্য ছিল গাজার একটি ত্রাণ বিতরণ কেন্দ্র, যা পরিচালিত হচ্ছিল ইসরায়েল ও যুক্তরাষ্ট্র-সমর্থিত গ্লোবাল হিউম্যানিটারিয়ান ফাউন্ডেশনের (জিএইচএফ) অধীনে। কিন্তু জীবনের ক্ষুধা মেটাতে গিয়ে শেষ হলো আমিরের জীবন। ত্রাণ হাতে পাওয়ার কিছু মুহূর্তের মধ্যেই ইসরায়েলি বাহিনীর নির্বিচার গুলিতে ঝরে যায় তার প্রাণ। এই হৃদয়বিদারক ঘটনার প্রত্যক্ষদর্শী ছিলেন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর সাবেক সদস্য ও জিএইচএফের সাবেক কর্মী অ্যান্থনি অ্যাগুইলার। ইসরায়েলি মানবাধিকারকর্মী ও

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## শিশুর শরীরে মৃতের হৃদপিণ্ড: অস্ত্রোপচারে যুগান্তকারী সাফল্য

সূর্যোদয় প্রতিবেদন



মৃত একজন প্রাপ্তবয়স্ক মানুষের হৃদপিণ্ড এনে সফলভাবে প্রতিস্থাপন করা হলো মাত্র তিন মাস বয়সী এক শিশুর শরীরে। চিকিৎসা বিজ্ঞানে এই ঘটনা তৈরি করেছে নতুন ইতিহাস - যেটি ভবিষ্যতে বদলে দিতে পারে অঙ্গ প্রতিস্থাপনের প্রচলিত সব ধারণা। যুক্তরাষ্ট্রের ডিউক ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সের একদল চিকিৎসক মৃতদেহ থেকে সংগৃহীত হৃদপিণ্ডকে এক বিশেষ পদ্ধতিতে পুনর্জীবিত করে তা সফলভাবে শিশুর দেহে স্থাপন করেন। চিকিৎসকদের ভাষায়, শিশুর শরীরে প্রতিস্থাপিত হার্টটি এখন স্বাভাবিকভাবেই কাজ করছে এবং সেই শিশুটিও বর্তমানে সম্পূর্ণ সুস্থ রয়েছে। গত ফেব্রুয়ারিতে গুরুতর হার্টের জটিলতা নিয়ে মাত্র তিন মাসের ওই শিশু ভর্তি হয় হাসপাতালে। তার হৃদপিণ্ডে একাধিক সমস্যা থাকায় অপারেশনের মাধ্যমে তাকে সুস্থ করা সম্ভব হচ্ছিল না। সে সময় একমাত্র সমাধান ছিল হৃদপিণ্ড প্রতিস্থাপন। তবে শিশুর জন্য উপযুক্ত হৃদপিণ্ড পাওয়া যাচ্ছিল না। চিকিৎসকদের সামনে তখন আর কোনো পথ খোলা ছিল না। তারা সাহসিকতার সঙ্গে সিদ্ধান্ত নেন একজন মৃত ব্যক্তির হার্ট সংগ্রহ করে বিশেষ পদ্ধতিতে তা পুনরুজ্জীবিত করে শিশুর শরীরে প্রতিস্থাপন করা হবে।

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

শর্মা ফুড প্লাজা
বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩
অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পান্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,


ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।
এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শনিবার, ২ আগষ্ট ২০২৫ ইং

## চাঁদাবাজি বিতর্কে গণমাধ্যমের ভূমিকা ও দায়বদ্ধতা

সম্প্রতি আবদুর রউফ নামের এক সাংবাদিকের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগে গ্রেপ্তার এবং কারাবরণ নিয়ে মেহেরপুরের গণমাধ্যমে নানা ধরনের প্রতিবেদন প্রকাশিত হচ্ছে। কিন্তু এ ঘটনায় সাংবাদিকতার ন্যূনতম মানদণ্ড ও নৈতিকতা কতটা অনুসৃত হচ্ছে, সে প্রশ্ন এখন ঘনীভূত।

৩১ জুলাই প্রকাশিত 'মেহেরপুর প্রতিদিন' পত্রিকার এক প্রতিবেদনে "চাঁদাবাজির অভিযোগে কথিত সাংবাদিক আবদুর রউফ কারাগারে" শিরোনামে কিছু দাবি করা হয়, যার যথার্থতা ও উদ্দেশ্য নিয়ে প্রশ্ন উঠেছে। প্রতিবেদনে বলা হয়েছে, "চাঁদাবাজ আবদুর রউফের গডফাদার এখনো ধরা-ছোঁয়ার বাইরে। এলাকাবাসীর দাবি, চাঁদাবাজের গডফাদারকেও আইনের আওতায় আনা হোক।" অথচ এই তথাকথিত "এলাকাবাসীর দাবি"র পেছনে কোনো নির্দিষ্ট ব্যক্তির নাম, বক্তব্য বা প্রমাণ নেই, যা সরাসরি সাংবাদিকতার নৈতিক ও পেশাগত মানদণ্ড লঙ্ঘন করে। সাধারণীকরণের মাধ্যমে 'জনমতের' অপব্যবহার করার প্রবণতা সংবাদকে অবিশ্বস্ত করে তোলে। আরও উদ্বেগের বিষয়, ওই প্রতিবেদনে 'আমাদের সূর্যোদয়' পত্রিকাকে একতরফাভাবে দোষারোপ করা হয়েছে, অথচ এই অভিযোগের কোনো নিরপেক্ষ অনুসন্ধান বা তথ্যভিত্তিক উপস্থাপন ছিল না। একাধিক গণমাধ্যম আবদুর রউফকে 'কথিত সাংবাদিক' কিংবা 'দৈনিক রূপকার'-এর প্রতিনিধি বলে উল্লেখ করলেও, একমাত্র 'মেহেরপুর প্রতিদিন' বারবার 'আমাদের সূর্যোদয়' পত্রিকার নাম টেনে এনে বিভ্রান্তিকর ও উদ্দেশ্যপ্রণোদিত ভাষায় উপস্থাপন করেছে। পত্রিকাটি দাবি করেছে, তারা 'আমাদের সূর্যোদয়'-এর প্রকাশক ও সম্পাদক আবুল কাসেম অনুরাগীর সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেছে, কিন্তু সফল হয়নি। অথচ সত্যতা যাচাই করলে স্পষ্ট হবে, সংশ্লিষ্ট নম্বরে কোনো ফোন করা হয়নি, যা প্রযুক্তিগতভাবে কললিস্ট পরীক্ষার মাধ্যমে সহজেই প্রমাণ করা সম্ভব। এছাড়াও, সম্পাদকীয় কাঠামো নিয়েও প্রশ্ন উঠছে। পত্রিকাটিতে যিনি বর্তমানে 'ভারপ্রাপ্ত সম্পাদক' হিসেবে দায়িত্ব পালন করছেন, তার মন্তব্য না নিয়ে বরং দায়িত্ব থেকে সরে যাওয়া ব্যক্তিকে 'সম্পাদক' হিসেবে উল্লেখ করা সাংবাদিকতার দৃষ্টিকোণ থেকে বিভ্রান্তিকর এবং দায়িত্ব এড়ানোর একটি কৌশল হিসেবে বিবেচিত হতে পারে। এই প্রেক্ষাপটে, ' মেহেরপুর প্রতিদিন' পত্রিকার সম্পাদকীয় কাঠামো, চাঁদাবাজির ঘটনার সঙ্গে প্রতিষ্ঠানটির সম্ভাব্য সংশ্লিষ্টতা এবং প্রকাশনার আইনগত ভিত্তি পর্যালোচনা করা একান্ত প্রয়োজন। জেলা প্রশাসনের পক্ষ থেকে বিষয়টি তদন্ত করে দেখার দাবি উঠেছে। একইসঙ্গে, প্রেস অ্যান্ড পাবলিকেশনস অ্যাক্ট অনুযায়ী পত্রিকাটির আইনত অনুমোদন, সম্পাদক-প্রকাশকের বৈধতা ও নিরপেক্ষতা নিশ্চিত করাও সময়োপযোগী দাবি। গণমাধ্যম শুধু মত প্রকাশের অধিকার নয়, বরং দায়িত্বশীল ও সত্যনিষ্ঠ তথ্য পরিবেশনের দায়িত্বও বহন করে। এই দায়িত্ব পালনে ব্যর্থতা শুধু একটি প্রতিষ্ঠান নয়, গোটা সাংবাদিকতা পেশাকেই প্রশ্নবিদ্ধ করে তোলে।

## মুজিবনগর সীমান্তে ১৭

ক্যাম্পের কোম্পানী কমান্ডার ইন্সপেক্টর শ্রী ধরমেন্দ্রদাহ নেতৃত্ব প্রদান করেন ।উক্ত পতাকা বৈঠকে, পূর্বে বিভিন্ন সময়ে বাংলাদেশ হতে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশকারী ১৭ জন বাংলাদেশী নাগরিককে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কর্তৃক বিজিবির নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। হস্তান্তরপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে ৮ জন পুরুষ, ৫ জন মহিলা এবং ৪ জন অপ্রাপ্তবয়স্ক শিশু রয়েছে। বিজিবি-বিএসএফ কোম্পানী কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতে অনুপ্রবেশকারী ১৭ বাংলাদেশী নাগরিককে হস্তান্তর করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, সংশ্লিষ্ট ব্যক্তিরা বিভিন্ন সময়ে সীমান্তের বিভিন্ন স্থান দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিল। হস্তান্তরকৃত ব্যক্তিরা হলেন, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ থানার আব্দুল রহমানের ছেলে মোঃ নাসির(৫৬), একই এলাকার মোঃ নাসিরের মেয়ে মঞ্জু(৪৫), মঞ্জুর ছেলে ইয়াসিন(২৩), খুলানা জেলার ফুলতলা গ্রামের কাউসারের ছেলে বুলবুল পাটোয়ারী (৩৫), বুলবুল পাটোয়ারীার ছেলে আদনান(১০), একই জেলার ডুমুরিয়া গ্রামের নূর মোহাম্মদের ছেলে রাজু খান(৩২), রাজু খানের ২ ছেলে ইসরাফিল(৪) ও ওমর(৩মাস) এবং মেয়ে মারিয়া(২), একই গ্রামের কুরবার খানের মেয়ে কহিনূর(২৮), একই জেলার উত্তরধী গ্রামের জাফর শেখের মেয়ে রাজিয়া(৫০), খুলনা জেলার পথের বাজার ফুলতলা গ্রামের ইসলামের মেয়ে আফরিন(৩০), খুলনার মোড়েলগঞ্জের আব্দুল করিমের ছেলে রফিকুল (৪২), খুলনার ফুলতলা গ্রামের মিনাজউদ্দীনের ছেলে মোঃ আনসার খান(৬২), মোঃ আনসার খানের ছেলে মোঃ রাজু আহাম্মেদ(২৮), যশোরের নোয়াপাড়া জাফরপুর গ্রামের আহাম্মেদ আলীর মেয়ে ফাতেমা(৪২), এবং বর্ডারহাট গ্রামের নরেন্দ্রবর্মনের ছেলে বিধানবর্মন(১৯)। মুজিরনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমন বলেন, বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি ১৭ জনকে থানায় হস্তান্তর করেছে।

## যুদ্ধবিমান দুর্ঘটনায় নিহত মাহিয়া ও

প্রতিনিধি দলের সদস্যরা নিহত রজনীর শোকাহত পরিবারের সঙ্গে সাক্ষাৎ করে গভীর সমবেদনা জানান এবং প্রয়োজনে পাশে থাকার আশ্বাস দেন। উল্লেখ্য, গত ২৪ জুলাই রাজধানীর দিয়াবাড়িতে বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ যুদ্ধবিমান বিধ্বস্ত হলে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের অষ্টম শ্রেণির ছাত্রী মাহিয়া তাসনিম আহত হন। তিনি চার দিন বার্ন ইউনিটে মৃত্যুর সাথে চার দিন যুদ্ধ করে জীবন যুদ্ধে হেরে যান। এদিকে অভিভাবক রজনী খাতুন এদিনই নিহত হন। মাহিয়া তাসনিম চুয়াডাঙ্গার প্রয়াত প্রকৌশলী মোহাম্মদ আলীর মেয়ে ও মুজিবনগরের জয়পুর গ্রামে তার নানা বাড়িতে দাফন করা হয়। রজনী খাতুন সাদিপুর গ্রামের জহুরুল ইসলামের স্ত্রী। তিনি স্কুল শেষে মেয়ে ঝুমঝুমকে আনতে গিয়ে দুর্ঘটনায় নিহত হন।

## ফিরে দেখা ২ আগস্ট: রংপুরে

তাকে পরিকল্পিতভাবে আসামি করা হয়েছিল।

পরদিন ২ আগস্ট রংপুরের চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত আরও ৯ শিক্ষার্থীকে জামিন দেন। এর মধ্যে দু'জন এইচএসসি পরীক্ষার্থী। ওই দিনই মুক্তি পান সাতজন।

বাকি দু'জন মুক্তি পান ৩ আগস্ট।

জামিন পাওয়া শিক্ষার্থীরা হলেন, মাওবিন হাসান মুহিন, রাকিব হোসেন, আবদুল্লাহ ইবনে জুবায়ের, আমির হামজা আমির, তৌফিক ওমর ধ্রুব, পাভেল মিয়া, আল মারজান, নিয়াজ আহমেদ রকি ও সৌরভ মিয়া।

আন্দোলনের শুরুর দিকে শহরের বিভিন্ন থানায় দায়ের করা একাধিক মামলায় তাদের গ্রেফতার করে পুলিশ।

এদিকে, ২০২৪ এর ২ আগস্ট সকাল ১১টার দিকে শিক্ষার্থী ও অভিভাবকরা বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) মূল ফটকের সামনে জড়ো হন। ব্যানার হাতে তারা শান্তিপূর্ণ মিছিল ও পদযাত্রা শুরু করেন।

বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকরা এতে সংহতি জানান ও সরাসরি অংশ নেন।

তারা আন্দোলনে নিহতদের বিচার দাবি করেন। বিশেষ করে শিক্ষার্থী আবু সাঈদের হত্যাকাণ্ডের তদন্ত ও দোষীদের শাস্তির দাবি তোলেন। তারা বলেন, সকল গ্রেফতারকৃত শিক্ষার্থীকে অবিলম্বে মুক্তি দিতে হবে।

সমাবেশে আন্দোলনরত শিক্ষার্থীরা প্রশ্ন তোলেন, তাদের শান্তিপূর্ণ আন্দোলন কীভাবে সহিংসতায় রূপ নিল? তারা বলেন, 'আমরা শান্তিপূর্ণভাবে শুধু আমাদের ন্যায্য দাবি তুলেছিলাম। কিন্তু রাষ্ট্রীয় প্রশ্রয়ে ছাত্রলীগ, যুবলীগ ও পুলিশ আমাদের ওপর হামলা চালায়, মারধর করে, ভয় দেখায়, এমনকি গুলিও চালায়।'

শিক্ষকদের পক্ষ থেকেও শিক্ষার্থীদের দাবির প্রতি সমর্থন জানানো হয়। তারা আবু সাঈদসহ সকল হত্যাকাণ্ডের সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে বিচার দাবি করেন। তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, সরকারকে অবশ্যই শিক্ষার্থীদের ন্যায্য দাবি মেনে নিতে হবে এবং অবিলম্বে নিরাপদ ও সুষ্ঠু শিক্ষাঙ্গণ ফিরিয়ে দিতে হবে।

# রিমন ভাই আপনি ছিলেন দায়বোধের প্রতীক

মাহবুবুল হক পোলেন



কিছু শূন্যতা থাকে, যা কখনো পূরণ হয় না। কিছু মানুষ থাকেন, যাঁরা থেকে গেলে তাঁদের উপস্থিতি চোখে পড়ে না, কিন্তু চলে গেলে এক আকাশ শুন্যতা নিয়ে যান। সাঈদুর রহমান রিমন ঠিক তেমনই এক মানুষ। সাংবাদিকতার অগণিত ভিড়ে এক নির্লোভ, নির্ভীক, সৎ মানুষের প্রস্থান আমাদের মনে করিয়ে দিল এই পেশার আসল সৌন্দর্যটা আসলে মানুষের জন্য, সত্যের জন্য। রিমন ভাইয়ের পুরো জীবনটাই ছিল অনড় দায়বোধের প্রতীক। আমাদের দেশে সাংবাদিকতা বলতে যখন শুধু বিট ধরে খবর লেখা আর প্রেস বিজ্ঞপ্তি ছাপা বোঝানো হয়, তখন রিমন ভাই বারবার প্রমাণ করেছেন, একজন সাংবাদিকের কলমই হতে পারে মানুষের কণ্ঠস্বর, নিপীড়নের বিরুদ্ধে শেষ অবলম্বন। ১৯৭১ সালের ৩১ ডিসেম্বর মানিকগঞ্জের ঘিওরের পীরবাড়িতে জন্মেছিলেন তিনি। বাবার সাহিত্যচর্চা আর মায়ের স্নেহের ছায়ায় বড় হওয়া ছোট্ট রিমন কবে যে সত্যের পক্ষে দাঁড়ানো শিখে ফেলেছিলেন, হয়তো তিনি নিজেও জানতেন না। স্কুলের গণ্ডি পেরোতেই লেখালেখিতে হাতেখড়ি। সাপ্তাহিক 'মুক্তিবাণী' দিয়ে যাত্রা, তারপর একে একে দৈনিক ইত্তেফাক, আল-আমীন, বাংলাবাজার, মুক্তকণ্ঠ, মানবজমিন, সংবাদ, বাংলানিউজ২৪.কম, বাংলাদেশ প্রতিদিন, দেশবাংলা, ঢাকা প্রতিদিন নাম বদলেছে, প্রতিষ্ঠান বদলেছে, বিট বদলেছে কিন্তু বদলায়নি তাঁর কলমের শিরদাঁড়া। কারও চোখ রাঙানি, ক্ষমতাবানদের শাসানি, শিল্পগোষ্ঠীর হুমকি কিছুই থামাতে পারেনি তাঁকে। 'চোখ বাঁধা পার্টি'র রিপোর্টে শিশু পাচার চক্র ফাঁস করেছেন, শিশু খাদ্যে তেজস্ক্রিয়তা উন্মোচন করে হুলস্থুল ফেলে দিয়েছেন, সীমান্তে গুম-খুন-চোরাচালান সবই এনেছেন মানুষের চোখের সামনে। টেকনাফে মেজর সিনহা হত্যাকাণ্ডে মাত্র ৭২ ঘণ্টায় এমন অনুসন্ধানী প্রতিবেদন দিয়েছেন, যা রাষ্ট্রীয় অনুসন্ধান কমিটি পর্যন্ত সূত্র হিসেবে গ্রহণ করেছে। জীবনের ঝুঁকি জেনেও ভারতীয় বিচ্ছিন্নতাবাদী শিবিরে গিয়ে করেছেন চোখে দেখা প্রতিবেদন। সাংবাদিকতার



এই সাহসী মানচিত্র একাই বয়ে বেড়িয়েছেন তিনি। আদালত বিট যেখানে আজও অধিকাংশ গণমাধ্যম নিরাপদ দূরত্বে থাকে, রিমন ভাই সেখানেও ছিলেন অদম্য। বঙ্গবন্ধু হত্যা মামলার ট্রাইব্যুনাল থেকে নিম্ন আদালতের প্রতিটি জটিল বাঁকড় তাঁর চোখকে ফাঁকি দেওয়া কঠিন ছিল। 'রায় বাহাদুরের অনুতাপ' কিংবা 'পঁচাত্তরের প্রতিরোধ যুদ্ধ' এই দুটোই তাঁর প্রিয় প্রতিবেদন। একটিতে হত্যাকারী হাতির জবানবন্দি, আরেকটিতে গারো পাহাড়ে বঙ্গবন্ধু হত্যার পর গড়ে ওঠা গেরিলা প্রতিরোধ সবই তুলে এনেছেন অনন্য সাহস আর নিষ্ঠায়। একজন সাংবাদিক হিসেবে যাঁর অর্জন এত গর্বের, তিনিই আবার হাসতে হাসতে বলতেন, 'ভালো রিপোর্টার হতে পারিনি।' আজকের সাংবাদিকতা যখন তোষামোদ আর ক্লিকবেইটের লোভে ঝুঁকে পড়ে, রিমন ভাই তখনই আমাদের মনে করিয়ে দিতেনড়এই পেশা কখনোই শুধু খবর লেখা নয়, এটি অন্যায়ের মুখোমুখি দাঁড়ানো এক যুদ্ধ। তাঁর জীবনের ঝুলিতে ৫৮টিরও বেশি পুরস্কার, ইয়াসমীন স্মৃতি পুরস্কার, মোনাজাতউদ্দিন পদক, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সেরা অপরাধ সাংবাদিক স্বীকৃতি, ঢাকা রিপোর্টার্স ইউনিটি সম্মাননাড়কত নাম বলব! দেশে-বিদেশে বিশেষ প্রশিক্ষণ, সম্মেলন, ফেলোশিপড়সবই পেয়েছেন, অথচ জীবনে লোভ নামের শব্দটিকে ছুঁতে দেননি। বাড়ির ভেতরে রিমন ছিলেন আরেক রকমের মানুষড়স্ত্রী চামেলী রহমান আর কন্যা সিলভী রহমান উর্মিই তাঁর সব সুখ-শান্তি। কোনো বিত্ত-বৈভব নেই, কোনো বিতর্কিত সম্পদ নেইড়শুধু কলম আর ন্যায়বোধই ছিল তাঁর সম্বল। ৩০ জুলাই শহীদ তাজউদ্দীন মেডিকেল কলেজ হাসপাতালে শেষ নিঃশ্বাস ফেললেন রিমন ভাই। একটা সময় নিশ্চুপ হয়ে গেল তাঁর কলম। তবু এই নীরবতা আমাদের কাছে এক প্রার্থনার মতোড়যেন পরের প্রজন্মের সাংবাদিকরা রিমন ভাইয়ের মতো হতে শেখে, সত্যের পাশে দাঁড়াতে শেখে, ভয়কে ভয় না করতে শেখে। আমরা জানি, এই শূন্যতা পূরণ হবে না। হয়তো আমাদের কাছে আর কোনোদিন রিমন ভাইয়ের ফোন বেজে উঠবে না' এই রিপোর্টটা কাল বের করো, মানুষকে জানাও।' তাঁর সাহসী চোখ আমাদের আর পাহারা দেবে না। তবু একদল তরুণ ঠিকই শিখে যাবে কীভাবে ভয়কে হারিয়ে সত্য বলার সাহস পেতে হয়। রিমন ভাই, ওপারে ভালো থাকবেন। আপনার বীজ বপন করা সাহসগুলো একদিন আবার ফল দেবে। সূর্যোদয় পরিবারের পক্ষ থেকে আপনার প্রতি গভীর শ্রদ্ধা আর ভালোবাসা।(ভারপ্রাপ্ত সম্পাদক, আমোদের সূর্যোদয়)

# ইসলামের দৃষ্টিতে রসিকতা: সীমা না মানলে গুনাহ

জাওয়াদ তাহের

মানুষের স্বাভাবিক বৈশিষ্ট্যের একটি হলো হাসি-আনন্দ ও রসিকতার প্রতি আকর্ষণ। এই বৈশিষ্ট্যকে ইসলাম অস্বীকার করেনি। বরং ইসলামে রসিকতা বৈধ, যদি তা সত্যভিত্তিক ও ভদ্রসুলভ হয় এবং কারো সম্মানহানি না ঘটে। তবে রসিকতার সীমা অতিক্রম করলে তা গুনাহের পর্যায়ে পড়ে যেতে পারে। বর্তমানে অনেকেই মনে করেন,"মিথ্যা হলেও ক্ষতি নেই, যদি তা নিছক মজার জন্য হয়।" অথচ হাদিসে রাসুলুল্লাহ (সা.) এ বিষয়ে কঠোরভাবে সতর্ক করে বলেছেন, "ধ্বংস তার জন্য, যে মানুষকে হাসানোর জন্য মিথ্যা বলে। ধ্বংস তার জন্য! ধ্বংস তার জন্য!" (সুনানে আবু দাউদ, হাদিস : ৭১৩৬) এমনকি সাহাবিরা যখন তাঁকে জিজ্ঞেস করলেন, আপনি কি আমাদের সঙ্গে কৌতুক করেন? তিনি বলেছিলেন, "আমি সত্য ছাড়া কিছু বলি না।" (তিরমিজি, হাদিস : ১৯৯০) এই হাদিসগুলো প্রমাণ করে, রসিকতা বৈধ হলেও মিথ্যার আশ্রয় নেওয়া ইসলামে সম্পূর্ণরূপে নিষিদ্ধ। ইসলাম রসিকতাকে সময়-পরিস্থিতি অনুযায়ী সীমিত রাখার শিক্ষা দেয়। আল্লামা মুনাওয়ি (রহ.) বলেন, "রসিকতা প্রশংসনীয়, তবে তা নির্দিষ্ট স্থানে ও নির্দিষ্ট পরিমাণে হওয়া উচিত।" সাহাবিগণও হাস্যরস করতেন, তরমুজের খোসা ছুড়ে মারতেন, কিন্তু যখন দায়িত্ব পালনের সময় আসত, তখন তাঁরাই হতেন সবচেয়ে দৃঢ়চেতা। রসিকতা যেন ভদ্র হয়, তাতে যেন কারো আত্মমর্যাদায় আঘাত না আসে এটা ইসলামের গুরুত্বপূর্ণ নির্দেশনা। কোরআনে বলা হয়েছে, "হে ঈমানদারগণ! তোমাদের কোনো সম্প্রদায় যেন অন্য সম্প্রদায়কে উপহাস না করে। হতে পারে, তারা (উপহাসকারীর চেয়ে) উত্তম।" (সূরা হুজুরাত : আয়াত ১১) এ নির্দেশনার আলোকে রসিকতা হতে হবে মার্জিত ও শালীন। কাউকে ব্যক্তিগতভাবে লক্ষ্য করে, তার শরীর, বংশ, পেশা, গায়ের রঙ কিংবা উচ্চতা নিয়ে ঠাট্টা করা কঠোরভাবে নিষেধ। রসিকতার নামে ধর্মীয় বিধান, কোরআনের আয়াত, রাসুল (সা.)-কে নিয়ে ঠাট্টা-বিদ্রুপ করা মারাত্মক গুনাহ। আল্লাহ তাআলা বলেন, "তোমরা কি আল্লাহ, তাঁর আয়াত ও তাঁর রাসুলকে নিয়ে ঠাট্টা করছিলে? এখন অজুহাত দিও না। তোমরা তো কুফরি করেছ ঈমান আনার পর।"সূরা তাওবা : আয়াত ৬৫-৬৬) আজকাল অনেকেই সোশ্যাল মিডিয়ায় ধর্মীয় বিষয়কে হাস্যরসের উপাদান বানিয়ে ফেলে। এটি ঈমান হরণকারী অপরাধ, যা থেকে বিরত থাকা আবশ্যক। ইবন হিব্বান (রহ.) বলেন," যে ব্যক্তি নিজের মর্যাদার বাইরের কারো সঙ্গে রসিকতা করে, সে তার কাছে তুচ্ছ হয়ে যায়।" তাঁর মতে, মজা করাও উচিত সমমর্যাদার ব্যক্তি বা নির্দিষ্ট পরিবেশে, জনসম্মুখে নয়। তেমনি মুহাম্মাদ ইবনে মুনকাদির (রহ.) বর্ণনা করেন, তাঁর মা বলতেন "বাচ্চাদের সঙ্গে রসিকতা করো না, তারা তোমাকে হালকা ভাববে।" (ইহইয়া উলুমিদ্দিন, ৩/১২৮) বর্তমানে মজার ছলে সামাজিক যোগাযোগ মাধ্যমে যেসব মিম, ছবি বা ভিডিও প্রচার হয়, তার অনেকগুলোতেই থাকে অশ্লীলতা, মিথ্যা বা ধর্মবিদ্রুপ। এগুলো থেকে সতর্ক থাকা প্রতিটি মুসলমানের দায়িত্ব। কারণ রসিকতা কখন গুনাহে রূপ নেয়, তা বুঝে ওঠার আগেই একজন মুসলমান তার ঈমান হারিয়ে ফেলতে পারেন।

ইসলাম রসিকতাকে স্বাভাবিক প্রবৃত্তি হিসেবে মেনে নিয়েছে। তবে এর সীমা নির্ধারণ করে দিয়েছে শরিয়ত। রসিকতা যেন মিথ্যা, অশ্লীলতা, বিদ্রুপ কিংবা ধর্মীয় বিদ্রুপে পরিণত না হয়ড়এই সচেতনতা থাকা আবশ্যক। সীমার মধ্যে থেকে রসিকতা করা ইসলামি আখলাকেরই অংশ।

অন্যথায় এর সম্পূর্ণ দায়ভার সরকারকেই নিতে হবে।

অভিভাবকরা বলেন, 'আমাদের সন্তানরা ন্যায্য দাবিতে পথে নেমেছে। কেউ নিহত, কেউ আহত, অনেকে ভয়ে আছে। আমরা চুপ থাকবো না। আমরা তাদের পাশে আছি।'

সমাবেশ শেষে বৃষ্টির মধ্যেই পার্কমোড় থেকে শুরু হয় প্রতিবাদ মিছিল। শহরের প্রধান সড়ক ঘুরে বৃষ্টিভেজা মিছিলে স্লোগান ওঠে প্রতিরোধের, প্রতিবাদের, আশা ও সংকল্পের।

## মার্কিন শুল্ক হ্রাস 'সন্তোষজনক',

শুল্ক নির্ধারিত হয়েছে।" তিনি বলেন, "এই ট্যারিফ হার প্রতিযোগিতামূলক পর্যায়ে আছে, তবে পুরো আলোচনার প্রেক্ষাপট জানা না থাকায় চূড়ান্ত মূল্যায়ন দেওয়া কঠিন। ট্যারিফের বাইরে আর কী বিষয় বা শর্ত ছিল, তা জানলে ইমপ্যাক্ট সম্পর্কে পরিষ্কারভাবে বলা সম্ভব হবে।" এক প্রশ্নের জবাবে আমীর খসরু বলেন, "এই ধরনের নেগোসিয়েশন একটি প্যাকেজ ডিলের মতো। এখানে ট্যারিফ কতো শতাংশ কমেছে, সেটাই একমাত্র বিষয় নয়। এর পেছনে আরও আলোচনা ও সিদ্ধান্ত রয়েছে। মার্কিন প্রশাসনের দাবিগুলো প্রকাশিত হলে বিষয়টি আরও স্পষ্ট হবে।" যুক্তরাষ্ট্রের অতিরিক্ত শুল্কে অনিশ্চয়তার মধ্যে থাকা রপ্তানিকারকরা কি এখন স্বস্তিতে, এমন প্রশ্নের উত্তরে বিএনপির এই নেতা বলেন, "২০ শতাংশ ট্যারিফ আপাতত রপ্তানি বাজারে নেতিবাচক প্রভাব ফেলবে না। এখনকার জন্য এ সিদ্ধান্ত সন্তোষজনক।" সম্প্রতি বাণিজ্য সচিবের যুক্তরাষ্ট্র থেকে ২৫টি বোয়িং বিমান কেনার ঘোষণা প্রসঙ্গে প্রশ্ন করা হলে খসরু বলেন, "এটা পুরো নেগোসিয়েশনের অংশ হতে পারে। মার্কিনদের প্রধান উদ্দেশ্য তাদের পণ্যের রপ্তানি বাড়ানো। তাই ট্যারিফ আরোপ ও তা হ্রাসের পেছনে তাদের স্বার্থ জড়িত। বাংলাদেশ কী দিয়েছে, সেটা জানতে পারলে বিষয়টা স্পষ্ট হবে।" তিনি বলেন, "আমাদের শুধু যুক্তরাষ্ট্রনির্ভর রপ্তানি বাজার নয়, বহির্বিশ্বে ও দেশের ভেতর রপ্তানি খাত বৈচিত্র্যকরণ জরুরি। সেইসঙ্গে বিনিয়োগ পরিবেশ উন্নয়ন, সাধারণ মানুষের অংশগ্রহণ এবং সক্ষমতা বাড়ানোর দিকেও নজর দিতে হবে।" অন্তর্বর্তীকালীন সরকারের কার্যক্রম ও সিদ্ধান্ত জনগণের সামনে খোলাসা করার আহ্বান জানিয়ে আমীর খসরু বলেন, "সামগ্রিক বাণিজ্যনীতি পর্যালোচনা করে আমাদের অবস্থান নির্ধারণ করতে হবে। সামনে বড় ধরনের কাঠামোগত পরিবর্তনের প্রয়োজন।"

## গাংনীতে জমি, ভয় আর ফাঁকি

তাছেন ও পিয়ার আলীর কাছে বিক্রি হয়, যেখান থেকে আব্দুস সামাদ জমি কিনে বসতবাড়ি নির্মাণ করেন। তাঁরা জমির দলিল, দখল, খারিজসহ সকল আইনি প্রক্রিয়া অনুসরণ করে বসবাস করে আসছেন। অথচ অভিযোগ রয়েছে, মৃত সুন্নত আলীর জামাতা আমিরুল ইসলাম, যিনি ২০ নম্বর দাগের জমি কিনেছেন, তিনি এখন ১৮ নম্বর দাগের জমির উপর মালিকানা দাবি করে দখলের চেষ্টা চালাচ্ছেন। অথচ ১৮ ও ২০ নম্বর দাগ ভিন্ন ভৌগোলিক অবস্থানে অবস্থিত। স্থানীয়দের ভাষ্যমতে, আমিরুল ইসলাম দলিলের বাইরে গিয়ে জোরপূর্বক জমি দখলের চেষ্টা করছেন এবং প্রভাব খাটিয়ে বসত উচ্ছেদের হুমকি দিচ্ছেন। সংখ্যা-লঘু হিসেবে মোমেনা খাতুন ও আব্দুস সামাদের পরিবার এই ঘটনায় আতঙ্কে রয়েছেন। এই বিরোধ নিয়ে একাধিকবার স্থানীয় সালিশ, প্রশাসনিক আলোচনার পাশাপাশি সেনা ক্যাম্পের পক্ষ থেকেও সমাধানের চেষ্টা হয়েছে। এমনকি গাংনী সেনা ক্যাম্পের আলোচনায় আমিরুল ইসলাম ক্ষতিপূরণ দেয়ার অঙ্গীকারও করেন। কিন্তু সে সিদ্ধান্ত বাস্তবায়িত হয়নি। বরং ভুক্তভোগীদের দাবি, আমিরুল গং আত্মগোপনে থেকে এখনো জমি দখলের অপচেষ্টা চালাচ্ছেন। ভুক্তভোগী পরিবারগুলো জানান, "আমরা নিজের অর্থে বৈধভাবে জমি কিনে এখানে দীর্ঘদিন বসবাস করছি। অথচ এখন আমাদের ভিটা কেড়ে নিতে চায় কিছু কৌশলী লোক। প্রতিনিয়ত আমরা আতঙ্কে দিন কাটাচ্ছি।" তাঁরা জমির বৈধ মালিকানা ও শান্তিপূর্ণ বসবাস নিশ্চিতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

## মাসুদের পরিবারকে ২.২০ লাখ দিল জামায়াত

সংসদ সদস্য প্রার্থী রুহুল আমিন। সহায়তা প্রদানকালে রুহুল আমিন বলেন, "মাসুদ রানার আত্মত্যাগ জাতির জন্য গর্বের। আমরা শুধু আজ নয়, ভবিষ্যতেও তাঁর পরিবারের পাশে থাকবো।" এ সময় তিনি নিহত মাসুদের রূহের মাগফিরাত কামনা করেন এবং তাঁর স্ত্রী ও কন্যার মঙ্গল কামনায় দোয়া করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমীর ও দামুড়হুদা উপজেলার সাবেক চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান, জেলা সেক্রেটারি অ্যাডভোকেট আসাদুজ্জামান, সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, অর্থ সম্পাদক কামাল উদ্দীন, দর্শনা থানা আমীর মাওলানা রেজাউল করিম, ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর হোসাইনসহ জেলা ও স্থানীয় পর্যায়ের নেতৃবৃন্দ। নিহত মাসুদের শ্বশুর, দর্শনা আজমপুরের অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা বাবুল মিয়া বলেন, "আমার জামাতার আত্মত্যাগের মূল্য কখনও দেওয়া যাবে না, তবে এই সহানুভূতি আমাদের পরিবারকে মানসিক শক্তি দেয়। আমরা কৃতজ্ঞ।" প্রসঙ্গত, ২০২৪ সালের ৪ আগস্ট রাজধানীর মিরপুর-১০ নম্বর গোলচত্বর এলাকায় সরকার পতনের একদফা আন্দোলনের সময় পুলিশের গুলিতে মাথায় বিদ্ধ হয়ে নিহত হন মাসুদ রানা মুকুল (৩৫)। তিনি চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গা গ্রামের বাসিন্দা ছিলেন এবং পেশায় একজন লিফট ইঞ্জিনিয়ার ছিলেন। ঢাকায় বসবাস করলেও বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন তিনি।

## যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পণ্যের ওপর

বাণিজ্য সচিব মাহবুবুর রহমান জানিয়েছেন, রেসিপ্রোক্যাল ট্যারিফ চুক্তির আলোচনায় সুবিধা পেতে যুক্তরাষ্ট্র থেকে ২৫টি বোয়িং উড়োজাহাজ কেনার অর্ডার দেয় বাংলাদেশ। তিনি বলেন, "বোয়িং একটি বেসরকারি কোম্পানি হলেও এমন অর্ডার শুল্ক আলোচনায় ইতিবাচক প্রভাব ফেলে। আগে ১৪টি অর্ডার ছিল, এখন তা বাড়িয়ে ২৫টি করা হয়েছে।" এর আগে সরকারি ক্রয়-সংক্রান্ত উপদেষ্টা কমিটি যুক্তরাষ্ট্র থেকে বাড়তি দামে ২ লাখ ২০ হাজার টন গম আমদানির প্রস্তাবও অনুমোদন করে। বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীনের নেতৃত্বে একটি প্রতিনিধি দল তিন দফায় যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি কার্যালয়ের (টঝঞজ) সঙ্গে আলোচনা করে। শেষ আলোচনা হয় ৩০ ও ৩১ জুলাই ওয়াশিংটনে। আলোচনার ভিত্তিতে রপ্তানি খাতকে কিছুটা স্বস্তি দিয়ে নতুন হার কার্যকর হয় ১ আগস্ট থেকে। রয়টার্স জানিয়েছে, বাংলাদেশ ছাড়াও অন্তত ২৫টি দেশের ওপর নতুন করে শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্র। এর মধ্যে ভারতের ওপর ২৫ শতাংশ, পাকিস্তান ১৯ শতাংশ, ইন্দোনেশিয়া ১৯ শতাংশ, মিয়ানমার ৪০ শতাংশ, ভিয়েতনাম ২০ শতাংশ ও শ্রীলঙ্কার ওপর ২০ শতাংশ শুল্ক আরোপ করা হয়েছে। বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে প্রতিবছর প্রায় ৮৪০ কোটি ডলারের পণ্য রপ্তানি হয়, যার বড় অংশই তৈরি পোশাক। গত বছর তৈরি পোশাক রপ্তানির পরিমাণ ছিল ৭৩৪ কোটি ডলার। শুল্কবৃদ্ধির কারণে এই খাতে বড় ধাক্কার আশঙ্কা তৈরি হয়েছিল। বিশ্লেষকরা মনে করছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে সাম্প্রতিক বোঝাপড়ায় তৈরি পোশাকসহ রপ্তানিতে সম্ভাবনার নতুন দরজা খুলবে। তবে একইসঙ্গে ভবিষ্যতে এ ধরনের শুল্কসংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবেলায় দীর্ঘমেয়াদি কৌশল ও বহুমুখীকরণ জরুরি।

## মুজিবনগরে যুবদলের মিছিল

পালিত হয়। উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানের নেতৃত্বে একটি মিছিল বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে গুরুত্বপূর্ণ স্থান, মোড় ও জনসমাগমপূর্ণ এলাকায় সরকারের সমালোচনামূলক নানা বার্তাসংবলিত পোস্টার সাঁটানো হয়। পোস্টারিং কার্যক্রমে অংশ নেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদ, আব্দুল হালিম, এনামুল হক বাচ্চু, মো. শফিক, মো. আরিফ, এডভোকেট সেলিম গাজী, মো. আশিক, মো. সোহেল ও মো. তুষারসহ স্থানীয় যুবদল নেতাকর্মীরা। এ সময় সংক্ষিপ্ত সমাবেশে উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান বলেন, "যুবদল গণজাগরণ সৃষ্টি করতে মাঠে নেমেছে। এই পোস্টারিং আন্দোলনের একটি শান্তিপূর্ণ মাধ্যম।" মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদ বলেন,"গণতন্ত্র পুনরুদ্ধার ও নির্দলীয় সরকারের অধীনে নির্বাচনের দাবিতে কেন্দ্রীয়ভাবে যে আন্দোলন চলছে, তা আরও তীব্র হবে। এই কর্মসূচির মাধ্যমে জনগণের কাছে বার্তা পৌঁছে ।

## লুঙ্গিতে ফেনসিডিল, স্বামী-স্ত্রীর ঘর

মাদক ব্যবসায়ীকে আটক করেছে। আটককৃতরা হলেন মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের গোলাম শেখের ছেলে হাফিজুর রহমান (৫০), তার স্ত্রী চায়না খাতুন (৪৫) এবং ওজুদুল ঘটকের ছেলে চাঁদ আলী (৩৮)। জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথ জানান, গোপন সূত্রে জানতে পারে হাফিজুর রহমান ও তার স্ত্রী বিপুল পরিমাণ ফেনসিডিল নিজ বাড়িতে মজুত রেখেছেন। অন্যদিকে, চাঁদ আলী লুঙ্গির ভেতরে কোমরে বেঁধে ফেনসিডিল বহন করছিলেন। অভিযানে হাফিজুর ও তার স্ত্রীর কাছ থেকে ১৩০ বোতল এবং চাঁদ আলীর কাছ থেকে ১০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের প্রক্রিয়া চলছে। মামলার পর তিনজনকে মেহেরপুর জেলা কারাগারে পাঠানো হবে বলে জানানো হয়েছে। ডিএনসির পক্ষ থেকে জনগনকে মাদকবিরোধী অভিযানে সহায়তা করার আহ্বান জানানো হয়েছে।

## ফ্যাসিস্টের দোসররা প্রশাসনে

তোলা জরুরি। পাশাপাশি পারস্পরিক সহমর্মিতার সংস্কৃতিও প্রতিষ্ঠা করতে হবে, যা রাজনৈতিক স্থিতিশীলতা এবং উন্নয়নের জন্য অপরিহার্য। অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেন, 'জুলাই মাসে অর্জিত গণআন্দোলনের সাফল্য টেকসই করতে রাষ্ট্রের মৌলিক সংস্কার করা দরকার। এর পাশাপাশি সব রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে।' তিনি অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের জন্য 'লেভেল প্লেয়িং ফিল্ড' নিশ্চিত করার গুরুত্ব তুলে ধরে বলেন, এর মাধ্যমে জনগণ স্বচ্ছ ও ন্যায্য নির্বাচনে অংশগ্রহণ নিশ্চিত করতে পারবে। জামায়াত সেক্রেটারি জোর দিয়ে বলেন, 'দলীয়করণ মুক্ত ও দুর্নীতিমুক্ত একটি প্রশাসন, বিচার ব্যবস্থা এবং সরকার গঠন করা অত্যন্ত জরুরি। একটি ভারসাম্যপূর্ণ রাষ্ট্রীয় কাঠামো তৈরি করতে হবে, যাতে নতুন কোনো ফ্যাসিবাদ জন্ম নেয় না।' এছাড়া তিনি উল্লেখ করেন, জুলাই মাসের অভ্যুত্থানে জড়িত হত্যাকারীদের অধিকাংশ এখনও গ্রেফতার হয়নি। তাদের আইনের আওতায় এনে দ্রুত বিচার নিশ্চিত করতে হবে। বিচারপ্রক্রিয়ার সঠিক বাস্তবায়নই দেশের শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে সাহায্য করবে।

## তারুণ্যের যুক্তি ও ইতিহাসচেতনার

মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. একেএম নজরুল কবীর। বিশেষ অতিথি ছিলেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান খেজমত আলী মালিথা। আয়োজকরা জানান, ইতিহাসের প্রতি দায়বদ্ধতা এবং তারুণ্যের বুদ্ধিবৃত্তিক বিকাশে ২০২৪ সালের জুলাই গণ অভ্যুত্থানএর স্মরণে এবং তরুণ প্রজন্মকে সেই ঐতিহাসিক চেতনায় উদ্বুদ্ধ করতেই এই বিতর্ক উৎসবের আয়োজন। মেহেরপুরের বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা বিতর্ক উৎসবে অংশগ্রহণ করেন।

## বসুন্ধরা আবাসিকে 'ষড়যন্ত্রমূলক' বৈঠক

করেছে পুলিশ। ঢাকা মহানগর পুলিশের গণমাধ্যম ও জনসংযোগ বিভাগের উপকমিশনার মুহাম্মদ তালেবুর রহমান জানান, "বৈঠকটি ভাড়া দেওয়া হয়েছিল শামীমা নাসরিন শম্পা নামে এক নারীর মাধ্যমে, যিনি বিদেশে লোক পাঠানোর নামে একটি প্রতিষ্ঠানের নাম ব্যবহার করেছিলেন। আমাদের কাছে তথ্য ছিলো, সেখানে ষড়যন্ত্রমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছিল।" তিনি আরও বলেন, "এই ঘটনায় ভাটারা থানায় মামলা দায়ের করা হয়েছে এবং তদন্ত অব্যাহত রয়েছে। বৈঠকের পেছনের মূল রহস্য ও দায়ীদের শিগগিরই উন্মোচন করা হবে।" একইসঙ্গে, মেজর সাদিকুল হক নামের এক সেনা কর্মকর্তার বৈঠকে অংশগ্রহণের অভিযোগে তাকে সেনাবাহিনী হেফাজতে নিয়েছে এবং তার বিরুদ্ধে 'রাজনৈতিক সংশ্লিষ্টতা' অভিযোগে সেনাবাহিনীর তদন্ত আদালত গঠন করা হয়েছে। অন্যদিকে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সমন্বয়ক পরিচয়ে গুলশানে এক সাবেক এমপির বাসায় চাঁদা দাবির ঘটনায় ৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ জানায়, এই চাঁদাবাজির ঘটনাটি গত ১৭ জুলাই থেকে শুরু হয় এবং অভিযুক্তরা ৫০ লাখ টাকার চাঁদার জন্য ওই বাসায় চাপ সৃষ্টি করে। গ্রেপ্তারকৃতদের কাছ থেকে নগদ অর্থ ও বিভিন্ন ব্যাংকের চেক জব্দ করা হয়েছে। পুলিশ আরও বলেছে, ঘটনার সঙ্গে অন্যদের জড়িত থাকার বিষয়টি তদন্তাধীন। ঢাকা মহানগর পুলিশের পক্ষ থেকে জানানো হয়, অগাস্ট মাস ঘিরে নিরাপত্তা নিয়ে কোনো শঙ্কা নেই এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি দিন দিন উন্নতির দিকে যাচ্ছে। তবে আইনশৃঙ্খলা বিনষ্টের বিভিন্ন অপচেষ্টা রয়েছে বলে তারা সতর্ক রয়েছে। পুলিশের নিয়মিত টহল ও নজরদারির অংশ হিসেবে গত ২৪ ঘণ্টায় রাজধানীর বিভিন্ন স্থানে অপরাধে জড়িত থাকার অভিযোগে ২৫৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

## শাহবাগে ৩২ ঘণ্টা পর

মঞ্চ সরিয়ে দেয় এবং উপস্থিত আন্দোলনকারীদের এলাকা ত্যাগে বাধ্য করে। প্রত্যক্ষদর্শী ও আন্দোলন সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, বৃহস্পতিবার (৩১ জুলাই) সকাল থেকেই 'জুলাই যোদ্ধা' পরিচয়ে একদল তরুণ-তরুণী শাহবাগ মোড়ে অবস্থান নেয়। তারা দাবি তোলে, সরকার ঘোষিত জুলাই সনদ বাস্তবায়ন করতে হবে, এবং একটি অন্তর্বর্তী জাতীয় সরকার গঠনের প্রক্রিয়া অবিলম্বে শুরু করতে হবে। তবে শুক্রবার বিকেলে পরিস্থিতি মোড় নেয় ভিন্নদিকে। একই নামধারী আরেকটি পক্ষ এসে ওই অবরোধের বিরোধিতা করে। তাদের দাবি, প্রকৃত 'জুলাই যোদ্ধা'রা এই আন্দোলনের পক্ষে নয়। বরং, কিছু স্বার্থান্বেষী মহল 'জুলাই যোদ্ধা' নাম ব্যবহার করে জনদুর্ভোগ সৃষ্টি করছে। বিকেলের দিকে দুই পক্ষের মধ্যে মুখোমুখি অবস্থান এবং তর্ক-বিতর্ক শুরু হয়। একপর্যায়ে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। সংঘাতের আশঙ্কায় পুলিশ ঘটনাস্থলে অবস্থান নেয় এবং দুই পক্ষকে পৃথক করে দেয়।